

25

তারিখ... ০৪ JUN 1991...

পৃষ্ঠা... ৩... কলাম... ৫

দৈনিক ইত্তেফাক

৫

ভিসিকে অপসারণের
চেষ্টা আইন
অবমাননার শামিল

(চট্টগ্রাম অফিস)

গতকাল (শুক্রবার) শহরস্থ বিশ্ব
বিদ্যালয় ক্লাবে চট্টগ্রাম বিশ্ববিদ্যা-
লয়ের সাধারণ শিক্ষকদের এক
সাংবাদিক সম্মেলনে বিশ্ববিদ্যা-
লয়ে অচলাবস্থা সৃষ্টির জন্য
(শেষ পৃ: ৬-এর ক: দ্র:)

ভিসিকে অপসারণের চেষ্টা

(১ম পৃ: পর)

ইসলামী ছাত্র শিবির ও জামা-
য়াত পন্থী কিছুসংখ্যক শিক্ষককে
দায়ী করা হয়। লিখিত বক্তব্যে
বলা হয় ছাত্র শিবিরের সমর্থন-
পুষ্ট বিভিন্ন নামের ছাত্র সংগঠন
তালিকা বাগাইয়া বিশ্ববিদ্যালয়ের
নিম্ন নিম্ন বিভিন্ন অঞ্চল দখল
করিয়া রাখিয়াছে। গণতান্ত্রিক-
ভাবে নির্বাচিত একজন ভিসিকে
পেশীশক্তি বলে অপসারণের
চেষ্টা বিশ্ববিদ্যালয়ের আইনের
প্রতি চরম অবমাননার শামিল।
শিক্ষক হিসাবে দায়িত্ব পালনের
জন্য আমরা অবিলম্বে শ্রেণী-
কক্ষে ফিরিয়া যাইতে চাই।
সাংবাদিক সম্মেলনে শিক্ষক নেতৃ-
বল জেলা প্রশাসনের নিরপেক্ষ-
তার প্রশ্ন তুলিয়া জেলা প্রশাসক
ও জেলা উচ্চ পদস্থ পুলিশ
কর্মকর্তাদের বদলীর দাবী জানান।
সাংবাদিক সম্মেলনে বক্তব্য পাঠ
করেন ড: মইনুল ইসলাম এবং
প্রশোক্তরে অংশ নেন অধ্যাপক
আলী ইমদাদ খান, ড: অনুপম
সেন, ড: ইনাযুল হক, ড:
হামিদা বানু, ড: ফসিউল আলম,
অধ্যাপক জিয়া হায়দার প্রমুখ।
তাহারা জানান, অদ্য (শনিবার)
দোস্ত বিল্ডিং চব্বরের সভায়
পরবর্তী কর্মসূচী ঘোষণা করা
হইলে।